



## রাজশাহী শিক্ষা বোর্ডকে দুর্নীতিমুক্ত করতে চান চেয়ারম্যান

প্রকাশিত: ১২ - জুলাই, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ রাজশাহী শিক্ষা বোর্ডকে দুর্নীতিমুক্ত করে আধুনিক ও যুগোপযোগী করার প্রত্যয় ব্যক্ত করেছেন নবনিযুক্ত চেয়ারম্যান প্রফেসর ড. মকবুল হোসেন। তিনি বলেন, রাজশাহী শিক্ষাবোর্ডে কাজের জন্য এসে কেউ যেন কোনভাবে হয়রানির শিকার না হন সেজন্য ওয়ান স্টপ সার্ভিস চালু করা হবে। তিনি বলেন, জাতীয় পর্যায়ে রাজশাহী অঞ্চলের সন্তানদের অংশগ্রহণ বৃদ্ধি করতে পারলে এ অঞ্চলের উন্নয়নের পাশাপাশি গুরুত্বও বাড়বে। গত ৩০ জুন চেয়ারম্যান হিসেবে যোগদানের পর বৃহস্পতিবার প্রথমবারের সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন।

রাজশাহী শিক্ষা বোর্ডের কনফারেন্স রুমে আয়োজিত এ অনুষ্ঠানে তিনি বলেন, শিক্ষার মান ভাল হওয়ায় দেশের মধ্যে রাজশাহী বোর্ড প্রতিবার ফলাফলের দিক থেকেও এগিয়ে থাকে। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাজশাহীর প্রায় চার শ' জন শিক্ষার্থী রয়েছে। যারা আগামীতে রাজশাহীর উন্নয়নে ভূমিকা রাখবে। শিক্ষা বোর্ডের পাশাপাশি রাজশাহীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ভাবমূর্তি উন্নয়নে সাংবাদিকদের সহযোগিতা ও দিকনির্দেশনা কামনা করে তিনি বলেন, রাজশাহী শিক্ষা বোর্ড নিজেদের পাশাপাশি এখনও দিনাজপুর শিক্ষা বোর্ডকেও সহযোগিতা করছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইন্সটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

